পেমেন্ট সিস্টেম্স ডিপার্টমেন্ট-১

**বাংলাদেশ ব্যাংক**

প্রধান কার্যালয়

ঢাকা।

পিএসডি-১ সার্কুলার লেটার নং: ০১

তারিখ: ০১ এপ্রিল ২০২৬ / ১৮ চৈত্র ১৪৩২

ব্যবস্থাপনা পরিচালক/প্রধান নির্বাহী কর্মকর্তা
বাংলাদেশে কার্যরত সকল তফসিলি ব্যাংক/মোবাইল ফিনান্সিয়াল সার্ভিস (এমএফএস) প্রোভাইডার/পেমেন্ট সার্ভিস প্রোভাইডার (পিএসপি)/পেমেন্ট সিস্টেম অপারেটর (পিএসও) (WLMA)

প্রিয় মহোদয়,

**সকল মার্চেন্ট পয়েন্টে Proprietary QR-সমূহ 'Bangla QR' দ্বারা প্রতিস্থাপন প্রসঙ্গে।**

দেশে একটি ইন্টারঅপারেবল, নিরাপদ, ব্যয় সাশ্রয়ী ও অন্তর্ভুক্তিমূলক ডিজিটাল পেমেন্ট ইকোসিস্টেম প্রতিষ্ঠার লক্ষ্যে বাংলাদেশ ব্যাংক কর্তৃক 'Bangla QR' কোডভিত্তিক পেমেন্ট ব্যবস্থা প্রবর্তন করা হয়। এ প্রেক্ষিতে ০৬ জানুয়ারি ২০২১ তারিখের পিএসডি সার্কুলার নং: ০১ এবং ০৮ ফেব্রুয়ারি ২০২৩ তারিখের পিএসডি সার্কুলার লেটার নং: ০১ এর প্রতি আপনাদের দৃষ্টি আকর্ষণ করা যাচ্ছে।

এক্ষণে, গ্রাহক স্বার্থ সংরক্ষণ ও আধুনিক পরিশোধ কার্যক্রম বাস্তবায়নসহ একটি অন্তর্ভুক্তিমূলক ক্যাশলেস পেমেন্ট ব্যবস্থা প্রতিষ্ঠার লক্ষ্যে নিম্নোক্ত নির্দেশনাবলি জারি করা হলো:

ক) তফসিলি ব্যাংক, এমএফএস, পিএসপি ও পিএসও (WLMA)-সমূহকে তাদের সকল মার্চেন্ট পয়েন্টে নিজস্ব Proprietary QR-সমূহ আবশ্যিকভাবে ৩০ জুন ২০২৬ তারিখের মধ্যে 'Bangla QR' দ্বারা প্রতিস্থাপন করতে হবে।

খ) 'Bangla QR' চ্যানেলে লেনদেন নিরবচ্ছিন্ন রাখার লক্ষ্যে প্রয়োজনীয় প্রযুক্তিগত সমন্বয় ও ইন্টারঅপারেবিলিটি নিশ্চিত করতে হবে।

গ) মার্চেন্ট পয়েন্টে গ্রাহকদের জন্য 'Bangla QR' দৃশ্যমানভাবে প্রদর্শনের বিষয়টি নিশ্চিত করার লক্ষ্যে নিয়মিত তদারকি করতে হবে।

ঘ) 'Bangla QR' মার্চেন্ট পয়েন্টে পেমেন্ট ব্যতীত কোনরূপ ক্যাশ আউট কার্যক্রম পরিলক্ষিত হলে সংশ্লিষ্ট মার্চেন্টের 'Bangla QR' বাতিল করতে হবে।

ঙ) 'Bangla QR' লেনদেনে মার্চেন্ট ও গ্রাহক সচেতনতা কার্যক্রম জোরদার করতে হবে।

পরিশোধ ও নিষ্পত্তি ব্যবস্থা আইন, ২০২৪ এর ১৮(২) ধারার আওতায় এ নির্দেশনাবলি জারি করা হলো। এ নির্দেশনাবলির কোনরূপ লঙ্ঘন পরিলক্ষিত হলে সংশ্লিষ্ট প্রতিষ্ঠানের বিরুদ্ধে উক্ত আইনের ৩৭(৫) ধারাসহ অন্যান্য প্রযোজ্য আইন, বিধি ও নির্দেশনা অনুযায়ী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করা হবে।

উপর্যুক্ত নির্দেশনাবলি অবিলম্বে কার্যকর হবে।

আপনাদের বিশ্বস্ত,

(আ.ন.ম. মঈনুল কবীর)
পরিচালক (পিএসডি-১)
ফোনঃ ৯৫৩০৩৩৪